ইত্তেফাক

তাং ১৭।৫।৭৭
পৃষ্ঠা 2 কলাম 8

034

# বিদ্যালয় গৃহটি মেরামত প্রয়োজন

বেলতলী সরকারী প্রাথমিক বিদ্যালয়টি ১৯০১ সালে প্রতিষ্ঠিত হয়। পরে দেশ স্বাধীন হওয়ার পর ১৯৭৩ সনে বিদ্যালয়টি সরকারী মঞ্জুরী লাভ করে। বিদ্যালয় গৃহটি বহু পুরাতন হওয়ায় গত বৎসরের ঘূর্ণিঝড়ে উহা বিধ্বস্ত হয়। উহার পর হইতে এই পর্যন্ত বহুবার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হইয়াছে, কিন্তু আজ পর্যন্ত বিদ্যালয় গৃহটি মেরামত করা হয় নাই। বর্তমানে বিদ্যালয়ে প্রায় ৫ শত ছাত্র-ছাত্রী লেখাপড়া করিতেছে। অথচ ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িয়াছে। এই পর্যন্ত কয়েকবার মহকুমা শিক্ষা অফিসার ও থানা শিক্ষা অফিসার বিদ্যালয়টি পরিদর্শন করিয়াছেন। তাঁহারা আশ্বাস দিয়াছিলেন যে, শীঘ্রই বিদ্যালয় গৃহটি মেরামতের ব্যবস্থা গ্রহণ করা হইবে। কিন্তু কোন কাজ হয় নাই।

অতএব, আমরা এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—বাদল লস্কর,
রক্ষিতপাড়া, কোলা, ঢাকা।